যুগান্তর

তারিখ ... 22 AUG 2016 ...
পৃষ্ঠা ২০ ... কলাম ... ৫ ...


# ঢাবিতে ভর্তির আবেদন আজ থেকে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির আবেদন প্রক্রিয়া আজ থেকে শুরু হচ্ছে। সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি অফিসে অনলাইন ভর্তি কার্যক্রমের উদ্বোধন করবেন ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। ৭ সেপ্টেম্বর পর্যন্ত ভর্তিচ্ছুরা আবেদন করতে পারবেন। ২৩ সেপ্টেম্বর খ-ইউনিটের পরীক্ষার মাধ্যমে ভর্তি পরীক্ষা শুরু হবে।

■ পৃষ্ঠা ১৯ : কলাম ৫

# ঢাবিতে ভর্তির আবেদন আজ

(শেষ পৃষ্ঠার পর)

রোববার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ভর্তি কমিটির এক সভায় এ সিদ্ধান্ত হয়।

ঢাবি ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রোভিসি (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রোভিসি (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. হাসিবুর রশীদ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইন্সটিটিউটের পরিচালক, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার, প্রক্টর এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা।

সভার সিদ্ধান্ত অনুযায়ী, বিজ্ঞান অনুষদভুক্ত ক-ইউনিটের ভর্তি পরীক্ষা ২১ অক্টোবর শুক্রবার, কলা অনুষদভুক্ত খ-ইউনিটের পরীক্ষা ২৩ সেপ্টেম্বর শুক্রবার, ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত গ-ইউনিটের পরীক্ষা ৩০ সেপ্টেম্বর শুক্রবার, সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত সমন্বিত ঘ-ইউনিটের পরীক্ষা ২৮ অক্টোবর শুক্রবার, চারুকলা অনুষদভুক্ত চ-ইউনিটের পরীক্ষা সাধারণ জ্ঞান ২৪ সেপ্টেম্বর শনিবার ও একই ইউনিটের অংকন ১ অক্টোবর শনিবার অনুষ্ঠিত হবে। এ বছর আবেদনের জন্য ব্যাংক সার্ভিস চার্জ ও অনলাইন সার্ভিস ফিসহ ভর্তি পরীক্ষার ফি নির্ধারণ করা হয়েছে ৩৫০ টাকা।

**আবেদনের যোগ্যতা :** ক-ইউনিটের অধীনে ভর্তিচ্ছুদের বিজ্ঞান ও কৃষিবিজ্ঞান শাখায় এবং মাদ্রাসা বোর্ডের বিজ্ঞান শাখায় উত্তীর্ণদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল অন্তত ৮.০ (এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ৩.৫) থাকতে হবে। খ-ইউনিটের অধীনে আবেদনের জন্য মানবিক শাখায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল অন্তত ৭.০ থাকতে হবে। গ-ইউনিটের অধীনে আবেদনের জন্য ব্যবসায় শিক্ষা শাখায় উচ্চ মাধ্যমিক, ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ, বিজনেস ম্যানেজমেন্ট পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল অন্তত ৭.৫ থাকতে হবে। ঘ-ইউনিটের অধীনে আবেদন করতে হলে মানবিক শাখায় মাধ্যমিক উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের মানবিক শাখায় আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল অন্তত ৭.০; বিজ্ঞান, কৃষি বিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল অন্তত ৮.০; ব্যবসায় শিক্ষা, ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ ও বিজনেস ম্যানেজমেন্ট শাখা থেকে উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল অন্তত ৭.৫ থাকতে হবে। এছাড়া প্রতিটি গ্রুপ থেকে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় কোনো বিষয়েই লেটার গ্রেড-বি (গ্রেড পয়েন্ট-৩) এর নিচে থাকতে পারবে না। চ-ইউনিটের অধীনে আবেদনের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয়সহ যেকোনো একটিতে ন্যূনতম জিপিএ ৩.০ এবং উভয় পরীক্ষার জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৬.৫ হতে হবে। ও লেভেল পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং এ লেভেল পরীক্ষায় অন্তত দুটি বিষয়ের মধ্যে অর্থাৎ মোট ৭টি বিষয়ের মধ্যে ৪টিতে কমপক্ষে বি-গ্রেড ও ৩টি বিষয়ে কমপক্ষে সি-গ্রেড প্রাপ্ত হতে হবে।

আবেদনের নিয়ম এবং বিভাগীয় শর্তাদি ভর্তি নির্দেশিকায় উল্লেখ থাকবে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http://admission.eis.du.ac.bd/), (http://www.du.ac.bd/) এ বিষয়ে বিস্তারিত জানানো হবে।